

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
(আইন অধিশাখা- )  
[www.mainland.gov.bd](http://www.mainland.gov.bd)

পরিপত্র

স্মারক নং-

তারিখঃ \_\_\_\_\_  
খ্রিঃ \_\_\_\_\_  
বঃ \_\_\_\_\_

**বিষয়ঃ ভূমি জোনিং এর মাধ্যমে ভূমির যুক্তিযুক্ত ব্যবহার এবং কৃষি জমি সুরক্ষা সম্পর্কিত নির্দেশনা।**

সরকারের 'ভূমি ব্যবহার নীতিমালা-২০০১' বাস্তবায়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় কর্তৃক দেশব্যাপী উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ভূমি জোনিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। ভূমি জোনিং এর উদ্দেশ্য হলো কৃষি জমির অবক্ষয় রোধ ও পরিকল্পিত ব্যবহার নিশ্চিত করা, কৃষি জমির পরিমাণ হ্রাসের বর্তমান ধারা যুক্তিসংগতভাবে নিয়ন্ত্রণ করা সহ দেশের বিভিন্ন অঞ্চলের জমির প্রকৃতিগত বৈশিষ্ট্য ও রাসায়নিক গুণাগুণ বিবেচনাস্তে কৃষি জমি সুরক্ষা এবং ভূমির সর্বোত্তম ও যুক্তিযুক্ত ব্যবহার নিশ্চিত করা। এ পর্যন্ত যে সকল উপজেলার ভূমি জোনিং কার্যক্রম সম্পাদিত হয়েছে সে সকল এলাকায় ভূমি জোনিং বাস্তবায়নের নিমিত্তে নিম্নে উল্লেখিত নির্দেশনা প্রদান করা হলোঃ

- (ক) ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত উপজেলা ভিত্তিক ভূমি জোনিং ম্যাপ ও প্রতিবেদন অনুযায়ী জোনিং কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন করতে হবে;
- (খ) কৃষি উৎপাদনে ব্যবহৃত অতি উর্বর বিশেষ করে দুই ও তিন ফসলী কৃষি জমিকে শুধুমাত্র কৃষি কাজ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার না করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;
- (গ) বর্তমানে মৎস্য চাষের জন্য ব্যবহৃত নদী-নালা, দীঘি, খাল-বিল, পুকুর ইত্যাদি সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;
- (ঘ) চিংড়ি মহালের এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় চিংড়ি চাষ নিরুৎসাহিত করতে হবে;
- (ঙ) ভূমি জোনিং কার্যক্রম বাস্তবায়নে বিদ্যমান প্রাকৃতিক বনায়ন এবং সংগঠিত ভাবে গড়ে উঠা সামাজিক বনায়ন সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;
- (চ) প্রাকৃতিক ভারসাম্য যাতে নষ্ট না হয় সে দিকে লক্ষ্য রেখে পাহাড় ও টিলা ভূমি কর্তন রোধ করতে হবে;

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

পৃষ্ঠা-২

- (ছ) কৃষি, মৎস্য, বন ভূমি ব্যতীত অন্যান্য শ্রেণীর জমিতে পরিকল্পিত আবাসিক ভবন নির্মাণ, শিল্প কারখানা স্থাপন, রাস্তাঘাট ও বিভিন্ন প্রতিষ্ঠান নির্মাণে ভূমির যুক্তিসংগত ব্যবহার নিশ্চিত করতে হবে;
- (জ) আবাসন ও বিভিন্ন প্রতিষ্ঠানের গৃহ নির্মাণের ক্ষেত্রে ভূমির ব্যবহারে কৃচ্ছতা সাধনের লক্ষ্যে ভবনের উর্ধমুখী সম্প্রসারণকে উৎসাহিত করতে হবে;
- (ঝ) কৃষি জমির উপরিভাগ (Top soil) কর্তন বন্ধ করতে হবে;
- (ঞ) ইটের ভাটা নিয়ন্ত্রণের ব্যবস্থা নিতে হবে;
- (চ) সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের জন্য বহুতলবিশিষ্ট দালান নির্মাণকে উৎসাহিত করার মাধ্যমে স্বল্প পরিমাণ জমির ব্যবহার নিশ্চিত করতে হবে;
- (ছ) খাস জমি সরকারের নিয়ন্ত্রণে রেখে প্রয়োজনে শুধুমাত্র ভূমিহীনদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার কে সভাপতি করে একটি কমিটি গঠনের মাধ্যমে ভূমি জোনিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে ।
- ৩। একই ভাবে মন্ত্রণালয়, বিভাগ ও জেলা পর্যায়ে কমিটি গঠন করে ভূমি জোনিং কার্যক্রম বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে ।
- ৪। জাতীয়/জনস্বার্থে প্রয়োজন অনুযায়ী ভূমির ব্যবহার পরিবর্তনের ক্ষেত্রে উপজেলা কমিটি, জেলা ও বিভাগীয় কমিটির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে । মন্ত্রণালয়ের কমিটি প্রস্তাব বিবেচনা করে সিদ্ধান্ত দিবে ।
- ৫। জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ মাসিক ভিত্তিতে এ পরিপত্রে বর্ণিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা পূর্বক ভূমি মন্ত্রণালয়ে মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করবেন ।
- ৬। উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো । জনস্বার্থে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে ।

(.....)

যুগ্ম সচিব (আইন)

ফোনঃ ৯৫৪০০৩২